গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
আইন শাখা

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহিত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ১৯-১২-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতি	শিখা সরকার অতিরিক্ত সচিব
সভার তারিখ	১৯ ডিসেম্বর ২০২২
সভার সময়	সকাল ১১:০০ টায়
স্থান	কক্ষ নং-১১৭, ভবন নং-০৪, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়ম ঢাকা।
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (আইন) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি বলেন যে বিগত সভা গত ০৮-১১-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছিল। তিনি বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করেন এবং কোনরূপ সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। উপসচিব (আইন) সভায় জানান, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম অর্ধবার্ষিক আগামী ৩১ ডিসেম্বর ২০২২ এ শেষ হবে। কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ সনের অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। সভাপতি জানান যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর লক্ষ্যমাত্রা পূরণের লক্ষ্যে সকল কার্যক্রম যথাযথভাবে এবং যথাসময়ে সম্পন্ন করার উদ্যোগ ইতিমধ্যে গ্রহণ করা হয়েছে। উপসচিব (আইন) সভায় আরো জানান যে, ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলার নিমিত্ত একটি কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কর্মপরিকল্পনায় ৫টি বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে যা পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হবে। তবে বর্তমান অর্থবছরে কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট অংশীজনের নিকট অবহিত করার উদ্যোগ গ্রহণ করতে হবে। উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

সিদ্ধান্তসমূহ:

১। ইনোভেশন টিম পুনর্গঠন করার পরেও কয়েকজন সদস্য অন্যত্র বদলী হয়ে যাওয়ায় ইনোভেশন টিম পূনর্গঠন করতে হবে। এ বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর পত্র প্রেরণ করতে হবে। উপসচিব (আইন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২। উদ্ভাবন প্রকল্প বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে তাঁদের কাজের স্বীকৃতি স্বরূপ বই এবং সম্মাননা ক্রেস্ট প্রদান করা হবে। এক্ষেত্রে বাংলা একাডেমি প্রকাশিত বইকে প্রাধান্য দেয়া হবে। সচিব মহোদয়ের উপস্থিতিতে সম্মাননা স্মারক প্রদান করা হবে।

৩। ই-নথির ব্যবহার বৃদ্ধির জন্য সকল শাখায় পত্র প্রেরণ করতে হবে। প্রতি মাসের ৩ তারিখের মধ্যে বিগত মাসের হার্ড ফাইলে নিষ্পত্তির তথ্য সকল শাখা হতে সংগ্রহ করতে হবে। ই-ফাইলে নিষ্পত্তির তথ্য সিস্টেম এনালিস্ট সরবরাহ করবেন। সকল কর্মকর্তাকে শাখা সংশ্লিষ্ট সেবাবক্সসমূহ হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণের জন্য তাগিদ দিতে হবে।

৪। বিগত অর্থবছরের অসমাপ্ত প্রকল্পটি (উন্নয়ন প্রকল্পের ই-মনিটরিং) এ বছরে সমাপ্ত করা যাবে কিনা সে বিষয়ে সচিব মহোদয়ের অনুমতি প্রহণ করতে হবে। আগামী জানুয়ারি ২০২৩ এর ১ম সপ্তাহে একটি অবহিতকরণ কর্মশালার মাধ্যমে প্রকল্পের কার্যক্রম সচিব মহোদয়কে অবহিত করা হবে। বাস্তবায়নকারী টিম পুনর্গঠন করতে হবে। উপসচিব (আইন) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৫। মন্ত্রণালয় কর্তৃক এ যাবৎকালে প্রস্তুত/চালুকৃত সকল উদ্ভাবন, সেবা সহজিকরণ, সেবা ডিজিটাইজেশন সম্পর্কিত প্রকল্পসমূহ (সফট্ওয়্যার আছে এমন) বিসিসি হতে টেস্টিং করিয়ে নিতে হবে। সেই সাথে সোর্সকোড ভেন্ডরদের নিকট হতে বুঝে নিতে হবে। এ বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী টিমের টিম লিডারকে/সংশ্লিষ্টকে পত্র দিতে হবে।

৬। ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় প্রণীত কর্মপরিকল্পনার অন্তর্ভুক্ত বিষয়ে কর্মশালা আগামী জানুয়ারি ২০২৩ এ আয়োজন করতে হবে। উদ্ভাবন কর্মপরিকল্পনাভুক্ত অবশিষ্ট প্রশিক্ষণ ও কর্মশালাসমূহ জানুয়ারি-ফেব্রুয়ারি ২০২৩ এর মধ্যে সম্পন্ন করতে হবে।

৭। মন্ত্রণালয়ের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১৫ জানুয়ারি ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৮। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর ও ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচির অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন (প্রমাণকসহ) আগামী ১৫/০১/২০২৩ এর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় পত্র প্রেরণ করতে এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শিখা সরকার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫১.০০.০০০০.২২৬.২৫.০০১.২২.৪১

তারিখ: ৫ পৌষ ১৪২৯
২০ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) যুগ্মসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪) পরিচালক (প্রশাসন), ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), বড় মগবাজার, ঢাকা।
৫) উপসচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭) সিনিয়র সহকারী সচিব (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি ইনোভেশন সেবাবক্সে আপলোডের অনুরোধসহ)।

মুনিরা সুলতানা
উপসচিব